বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(সাধারণ ও সংস্থাপন শাখা)

স্মারক নং জি,এস তারিখঃ / /২০২৫ খ্রি.

## প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, জনাব মোঃ রিয়াজুল ইসলাম, বাংলদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগে অফিস সহকারী পদে কর্মরত আছেন। তার জন্মের প্রায় ০১ (এক) বছরের মধ্যে তার নিজ মা মৃত্যুবরণ করেন। তার নিজ মায়ের নাম পারুল বেগম (Parul Begum)। মায়ের মৃত্যুর পর তার বাবা ২য় বিবাহ করেন। তার সৎ মায়ের নাম তাহমিনা আক্তার (Tahamina Akter)। তিনি সৎ মায়ের ঘরে লালিত পালিত হওয়ার কারণে স্কুলে পড়ালেখার সময়ে ভুলক্রমে স্কুলের কাগজপত্রে সৎ মায়ের নাম দেয়া হয়। এরই ধারাবাহিকতায় তার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রসহ অন্যান্য যাবতীয় প্রয়োজনীয় কাগজপত্রে সৎ মায়ের নামটি চলে আসে। ওয়ারিস সূত্রে তিনি তার নিজ মায়ের একমাত্র সন্তান। তার নিজ মায়ের সম্পদ বন্টনের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রে তার নিজ মায়ের নামটি থাকা অত্যাবশ্যক। থানার নির্বাচন কমিশন অফিসে তার নিজ মায়ের নামের প্রতিস্থাপনের আবেদন করলে সেখানে প্রমাণস্বরূপ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সনদপত্র চাওয়া হয়। যেহেতু তার দুইটি সনদেই সৎ মায়ের নাম আছে, তাই তিনি শিক্ষা বোর্ডের সরনাপন্ন হলে উক্ত প্রতিষ্ঠান কর্তৃক জানানো হয় যে, যেহেতু তিনি একজন সরকারী চাকুরীজীবী সেহেতু তার মায়ের নাম সংশোধন করার জন্য প্রত্যয়নপত্র প্রয়োজন।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট কর্মচারীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সনদপত্রে এবং জাতীয় পরিচয়পত্রে সৎ মায়ের নাম তাহমিনা আক্তার (Tahamina Akter) পরিবর্তে নিজ মায়ের নাম পারুল বেগম (Parul Begum) সংশোধন করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

মোঃ অলি উল্লাহ্
সহকারী রেজিস্ট্রার
সাধারণ ও সংস্থাপন
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

১। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

২। নির্বাচন কমিশন, আগারগাঁও, ঢাকা।

স্মারক নং- ১১০ (৬) জি,এস, তারিখঃ- ০৫/০১/২০২৫ খ্রি.

<u>অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।</u>

১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্ট ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

২। জনাব মোঃ রিয়াজুল ইসলাম, অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

মোঃ অলি উল্লাহ্
সহকারী রেজিস্ট্রার
সাধারণ ও সংস্থাপন
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।